

Short Question for 5th Semester DSC Econommmics

1) **HDI** এর পুরো কথাটি কি?

–HDI এর পুরো কথাটি হল Human Development Index .

2) **HDI** বলতে কী বোঝায় ?

–অর্থনৈতিক উন্নয়ন পরিমাপের অন্যতম গুরুত্বপূর্ণ সামাজিক নির্দেশক হল মানব উন্নয়ন সূচক বা সংক্ষেপে HDI . জীবনের তিনটি প্রধান দিক আয়ু, শিক্ষা ও সম্পদের উপর অধিকার- এই তিনটি দিক থেকে দেশের মানুষ গড়ে কতটা অর্জন করেছে সেটি পরিমাপ করা হয় মানব উন্নয়ন সূচক। মানব উন্নয়ন সূচক হল আয়ু প্রত্যাশা সূচক, শিক্ষাগত যোগ্যতা অর্জন সূচক এবং মাথাপিছু প্রকৃত দেশীয় উৎপন্ন সূচকের সরল যৌগিক গড় ।

3) মাথাপিছু প্রকৃত আয় (**Real per capita income**) কি ?

–মাথাপিছু প্রকৃত আয় = মোট প্রকৃত জাতীয় আয় /মোট জনসংখ্যা।

4) **NNI** পুরো কথাটি কি?

–Net National Income

5) **HPI** পুরো কথাটি কি?

–Human Poverty Index

6) **GDI** এর পুরো কথাটি কি?

–Gender Development Index

7) **GDI** বলতে কী বোঝায় ?

–GDI এর পুরো কথাটি হল Gender Development Index । জীবনযাত্রার মান নির্ধারণের তিনটি প্রধান দিক শিক্ষা, স্বাস্থ্য ও সম্পদের উপর অধিকার এই তিনটি দিক থেকে লিঙ্গ বৈষম্যকে পরিমাপ করে GDI

8) **SOC** এর পুরো কথাটি কি?

–Social Overhead Capital

9) **GEM** এর পুরো কথাটি কি?

–Gender empowerment Measure

10) **PQLI** এর পুরো কথাটি কি?

–Physical Quality of Life Index

11) **IMF** এর পুরো কথাটি কি?

–International Monetary Fund.

12) **World bank** দুটো মূল উদ্দেশ্য কি?

i) দীর্ঘকালীন ভিত্তিতে আন্তর্জাতিক বাণিজ্যের সুসম বিকাশ এবং দীর্ঘকালের লেনদেন ব্যালেন্সে ভারসাম্য বজায় রাখা।

ii) সদস্য রাষ্ট্রগুলিতে বেসরকারি ক্ষেত্রে বৈদেশিক বিনিয়োগের প্রসার ঘটানো।

13) **IMF** এর দুটি কাজ লেখো।

–IMF এর দুটি কাজ–

i) IMF সদস্য দেশগুলির লেনদেন ব্যালেন্সে ঘাটতি দূর করার জন্য আর্থিক সাহায্য দিয়ে থাকে।

ii) IMF মুদ্রা বিনিময়ের মূল্যের স্থায়িত্ব রক্ষার চেষ্টা করে। সদস্য দেশগুলি যাতে প্রতিযোগিতামূলক ভাবে মুদ্রার মূল্য হ্রাস না করে সেই মর্মে IMF তাদের নির্দেশ দেয়।

14) **WTO** পুরো কথাটি কি?

World Trade Organisation

15) সম্মুখ গতি সংযোগ প্রভাব (**Forward linkage**) বলতে কী বোঝো ?

কোন একটি শিল্পের বিকাশ ঘটলে তা অন্য একটি শিল্পের বিকাশের সহায়তা করতে পারে উৎপাদনের উপকরণের যোগান দিয়ে- একেই বলা হয় সম্মুখ গতি সংযোগ প্রভাব। যেমন লৌহ ইস্পাত শিল্পের কারখানা গড়ে উঠলে এই কারখানায় যে লোহা উৎপন্ন হবে সেটি অন্য পাঁচটি শিল্পে লোহার যোগান দিয়ে থাকবে। এটি হলো সম্মুখ গতি সংযোগ প্রভাব।

16) পশ্চাৎ গতি সংযোগ প্রভাব (**Backward Linkage**) বলতে কী বোঝো?

একটি ক্ষেত্রে যখন বিকাশ ঘটে তখন সেই ক্ষেত্রে ব্যবহৃত উৎপাদনের উপকরণের চাহিদা বৃদ্ধি পায় এবং সেই সমস্ত শিল্পের ও বিকাশ ঘটে-এটি হলো পশ্চাৎ গতি সংযোগ প্রভাব। যেমন লৌহ ও ইস্পাত শিল্প কয়লা শিল্পের কাছ থেকে কয়লা কিনে।

17) অর্থনৈতিক প্রসার বা বৃদ্ধি (**Economic growth**) বলতে কী বোঝায়?

অর্থনৈতিক প্রসার বা বৃদ্ধি হল জাতীয় আয় বা মাথাপিছু আয় বৃদ্ধি।

18) মূলধন গঠন (**capital formation**) বলতে কী বোঝায়?

মূলধন গঠন বলতে মূলধনী দ্রব্য সামগ্রীর বৃদ্ধিকে বোঝায়। যে প্রক্রিয়ার দ্বারা দেশের মোট মূলধনের পরিমাণ বৃদ্ধি পায় তাকেই বলা হয় মূলধন গঠন। কোন একটি বছরের শুরুতে একটি দেশে যে পরিমাণ মূলধন ছিল পরবর্তী বছরের শুরুতে মূলধনের পরিমাণ যদি তার চেয়ে বেশি হয় তাহলে মূলধনের পরিমাণ যতটা বাড়ল সেটাকে ওই বছরের মূলধন গঠন বলা হয়।

19) প্রচ্ছন্ন বেকারত্ব (**disguised unemployment**) বলতে কী বোঝায়?

মোট উৎপাদনের পরিমাণ অপরিবর্তিত রেখে যে সমস্ত ব্যক্তিকে উৎপাদনের কাজ থেকে অপসারিত করা যায় সেই সমস্ত ব্যক্তিকে প্রচ্ছন্ন বেকার বলা হয়। প্রচ্ছন্ন বেকারদের প্রান্তিক উৎপাদনশীলতা শূন্য।

20) মানবিক মূলধন (**Human capital**) কি?

মানবিক মূলধন হলো কর্মক্ষম মানবসম্পদ। শ্রমিকদের স্বাস্থ্য, দক্ষতা, কর্মকুশলতা প্রভৃতি বৃদ্ধি হল মানবিক মূলধন গঠন।

21) সামাজিক মূলধন (**Social Capital**) কি ?

সামাজিক মূলধন হল সমাজের সামগ্রিক মূলধন যার মালিকানা কোন একজন ব্যক্তির নয় বরং সমাজের। উদাহরণস্বরূপ ভারতের রেলপথ রাস্তা সেতু বিদ্যুৎ প্রকল্প ইত্যাদি ভারতের সামাজিক মূলধন।